

# Joint Press Release on India-EU Strategic Partnership Review

October 19, 2021

## ভারত ও ইউরোপিয়ান ইউনিয়নের কৌশলগত অংশীদারিত্বের পর্যালোচনার যৌথ প্রেস বিবৃতি

অক্টোবর 19, 2021

19 অক্টোবর 2021 ব্রাসেলস এ ভারত ও ইউ এন তৃতীয় কৌশলগত অংশীদারিত্বের পর্যালোচনা অনুষ্ঠিত হয়েছে। কোভিড-19 অতিমারি এবং অর্থনীতি, সমাজ ও ব্যক্তির উপর তার প্রভাব একসাথে সামলানোর সবচেয়ে ভালো পথ নিয়ে উভয়পক্ষ মত বিনিময় করেছে।

8 মে 2021 ভারত এবং ইউ নেতাদের মধ্যে অনুষ্ঠিত হওয়া বৈঠক যা কিনা ভারত ও ইউ এন মধ্যে থাকা সম্পর্ককে গভীরতর করতে পরিস্কারভাবে একটি পথ নির্দেশ করেছে। এই বৈঠকটি ইন্ডিয়া- ইউ স্ট্র্যাটেজিক পার্টনারশিপ: আ রোডম্যাপ টু 2025 এর নির্দেশ মেনে ভারত- ইউ কৌশলগত অংশীদারিত্ব নিয়ে ব্যাপক পর্যালোচনার সুযোগ করে দিয়েছে।

এই আলোচনা জলবায়ু পরিবর্তন, জীব বৈচিত্রের ক্ষতি ও দূষণ নিয়ে সহযোগিতার উপর দৃষ্টি নিবদ্ধ করেছে এবং আসন্ন জলবায়ু COP26 এর সাফল্যে অবদান রেখেছে। ভারসাম্যযুক্ত, উচ্চাকাঙ্ক্ষামূলক, ব্যাপক এবং দুইপক্ষেরই লাভ হয় এমন বাণিজ্য চুক্তি পুনরায় বাস্তবায়িত করার পরবর্তী পদক্ষেপগুলি নিয়ে ভারত ও ইউ এন নেতৃবৃন্দ আলোচনা করেছেন। তারা একটি তুলনামূলক বিনিয়োগ রক্ষাকারী চুক্তি এবং ভৌগলিক লক্ষণ নিয়ে একটি আলাদা চুক্তির বিষয়ে আলোচনা করেছেন। ভারত ও ইউ এন মধ্যে কানেক্টিভিটি নিয়ে অংশীদারিত্ব যা নিয়ে 2021 এর মে মাসের বৈঠকে দুই দেশের নেতৃবৃন্দ সহমত হয়েছিলেন তা বাস্তবায়িত করার ক্ষেত্রে পরবর্তী পদক্ষেপগুলি নিয়েও তারা আলোচনা করেন। গবেষণা, প্রযুক্তি ও ডিজিটাল রূপান্তর এবং অভিবাসন ও গতিশীলতার মত সাধারণ বিষয়ের ক্ষেত্রে সহযোগিতা আরও বাড়ানোর উপায়ের ব্যাপারেও ভারত ও ইউ আলোচনা করেছে। মানবিক আধিকার নিয়ে 2021 সালের এপ্রিল মাসে অনুষ্ঠিত নবম পর্বের আলোচনা স্মৃতিতে নিয়ে ভারত এবং ইউ 2022 সালের পরবর্তী পর্বের আলোচনার দিকে তাকিয়ে আছে।

বৈঠকটি যুগ্মভাবে পৌরোহিত্য করেন, পররাষ্ট্র সচিব (পশ্চিম) মাননীয়া রিনাত সান্দু এবং ইউরোপিয়ান এক্সটার্নাল অ্যাকশন সার্ভিসের অর্থনৈতিক ও বৈশ্বিক বিষয়ের উপসচিব মাননীয়া হেলেনা কনিগ এর মধ্যে এই আলোচনা অনুষ্ঠিত হয়।

নিউদিল্লি

অক্টোবর 19, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.